দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 22 MAY 1989
পৃষ্ঠা 7 কলাম 1

# শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপণ অভিযান চালুর সিদ্ধান্ত

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেছেন, শিক্ষা প্রশাসনে তদারকি ও পরিদর্শন ব্যবস্থা জোরদার করে শিক্ষাক্ষেত্র হতে অনিয়ম ও বিশৃংখলা দূরীকরণে সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

মন্ত্রী গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় সভাপতির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, জাতীয় উন্নয়নের ঈপ্সিত লক্ষ্য অর্জন করতে হলে শিক্ষাব্যবস্থার উন্নয়নের কোন বিকল্প নেই। এ কারণে সরকার শিক্ষা, বিশেষ করে পরীক্ষা ক্ষেত্রে ব্যাপক সংস্কারমূলক কর্মসূচী হাতে নিয়েছে। তিনি নিষ্ঠার সংগে এই কর্মসূচী বাস্তবায়নের জন্য সকল স্তরের কর্মকর্তার প্রতি আহ্বান জানান।

সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, মাধ্যমিক, কলেজ, কারিগরি ও মাদ্রাসাসমূহ এ বছর বৃক্ষ রোপণ অভিযান চালু করবে। অন্যথায় যেসব শিক্ষা প্রতিষ্ঠান এই কর্মসূচী নিতে ব্যর্থ হবে ঐসব শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান বন্ধসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

সভায় ষষ্ঠ থেকে দশম শ্রেণী পর্যন্ত বর্তমানে একটির স্থলে তিনটি করে প্রত্যেক বিষয়ের ওপর পাঠ্যবই প্রকাশ করা হবে। এর ফলে সুষ্ঠু প্রতিযোগিতা সৃষ্টি হবে এবং পাঠ্যপুস্তকের মান উন্নত হবে। এসব পুস্তক বেসরকারী প্রকাশনা সংস্থাসমূহ প্রকাশ করবে এবং জাতীয় শিক্ষাক্রম ও টেকস্ট বুক বোর্ড এগুলো অনুমোদন করবে।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, আর কোন নতুন আলেম, ফাজেল ও কামেল পরীক্ষা কেন্দ্র স্থাপন করা হবে না।

সভায় শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগকে এ বছরের উন্নয়ন পরিকল্পনায় গৃহীত প্রাথমিক বিদ্যালয়সমূহের কাজের অগ্রগতি সম্পর্কে রিপোর্ট পেশ করতে বলা হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মানিকগঞ্জ জেলার সাটুরিয়াসহ বিভিন্ন ঘূর্ণি উপদ্রুত এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহের মেরামতের জন্য প্রতি বিদ্যালয়কে ১২ বাণ্ডিল করে মোট ২০৪ বাণ্ডিল ঢেউটিন প্রদান করবে এবং স্থানীয় কর্তৃপক্ষ মেরামতের বাকী ব্যয়ভার বহন করবে। খবর তথ্য বিবরণীর।